দৈনিক ইনকিলাব

তারিখ ..21 DEC ..1998
পৃষ্ঠা 7 কলাম 2

## আগত এসএসসি পরীক্ষার ফি কত ?

দেশের প্রত্যন্ত অঞ্চলের অধিকাংশ স্কুল আগত এসএসসি পরীক্ষার ফি যার যেমন খুশি সেভাবেই আদায় করছে। এর কি কোন আইন-কানুন নেই? নিশ্চয়ই বোর্ড কর্তৃক ফি নেয়ার একটা নির্ধারিত নিয়ম-নীতি রয়েছে। এবং থাকা স্বাভাবিক। ছাত্র-ছাত্রী অথবা অভিভাবকবৃন্দ এর কিছুই জানে না। বলাবাহুল্য, অনেক স্কুলেই না-কি নিম্নে ১২০০ টাকা হতে শুরু করে ২০০০ টাকা পর্যন্ত জনপ্রতি ফি আদায় করা হচ্ছে। বোর্ড কর্তৃপক্ষ এর অনুসন্ধান করতঃ পত্র-পত্রিকা মারফত আগত এসএসসি পরীক্ষার ফি সম্পর্কীয় সঠিক তথ্য জনসাধারণকে অবিহিত করা খুবই জরুরী।

—মোহাম্মদ আলী,
শিক্ষক, জামিয়া আরাবিয়া ইমদাদুল উলুম,
ফরিদাবাদ, ঢাকা-১২০৪।